# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ ১৯৪৭ সালে ব্রিটিশ ঔপনিবেশিক শাসন থেকে মুক্ত হয়ে পাকিস্তানি ঔপনিবেশিক শাসনের অধীনে গিয়ে পড়ে বাঙালিরা। শাসকগোষ্ঠী তাদেরকে সাংস্কৃতিক ঐতিহ্য থেকে বিচ্যুতি ঘটাতে রাষ্ট্রভাষা হিসেবে চাপিয়ে দেয় উর্দুকে। বাঙালি জাতি তাদের ভাষার দাবিকে প্রতিষ্ঠা করতে যে আন্দোলনের সূত্রপাত ঘটায় তা তাদেরকে পরবর্তীতে স্বাধিকার আন্দোলনে ধাবিত করে।

ক. আইয়ুব খান কখন ক্ষমতা থেকে সরে দাঁড়ান? ১

খ. ১৯৭০ সালের নির্বাচনের গুরুত্ব বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত বাঙালি জাতিকে তাদের সাংস্কৃতিক ঐতিহ্য থেকে বিচ্যুত ঘটাতেই শাসকগোষ্ঠী উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে চাপিয়ে দিয়েছিল- ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ভাষাকে ভিত্তি করে গড়ে উঠা আন্দোলন বাঙালি জাতিকে স্বাধিকার আন্দোলনে ধাবিত করেছিল-বিশ্লেষণ কর। ৪

২. ▶ জনাব 'ক' ছিলেন 'খ' নামক দেশের প্রথম রাষ্ট্রপতি। জনাব 'ক' এর নেতৃত্বে 'খ' দেশের জনগণ সশস্ত্র আন্দোলনের মাধ্যমে দক্ষিণ আফ্রিকা হতে স্বাধীনতা ছিনিয়ে এনেছিল। রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর তিনি যুদ্ধ বিধ্বস্ত দেশ পুনর্গঠন, যোগাযোগ ব্যবস্থা উন্নতকরণ, অর্থনীতি পুনর্গঠন, শরণার্থী পুনর্বাসন ইত্যাদি বিষয়কে অধিক গুরুত্ব দেন। তার অন্যতম সাফল্য ছিল অতি অল্প সময়ে তিনি একটি নতুন সংবিধান তৈরি করে তা কার্যকর করেন। তিনি একাধারে একাধিকবার নির্বাচিত হয়েছিলেন। বর্তমানে স্বাপো নামে একটি আঞ্চলিক সংগঠনের সভাপতি হিসেবে তিনি দায়িত্বরত আছেন।

ক. ১৯৭২ সালের সংবিধান প্রণয়ন কমিটির প্রধান কে ছিলেন? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব 'ক' এর সাথে বাংলাদেশের কোন নেতার সাদৃশ্য পাওয়া যায়? উক্ত বাঙালি নেতার হত্যার কারণগুলো ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. উক্ত বাঙালি নেতার দেশ পুনর্গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৩. ▶ বর্তমান বিশ্বে পরিবার গঠনের ধরণ অনেকটাই বদলে গেছে। আমাদের দেশে পরিবার গঠনের পূর্বশর্তই হলো বিয়ে। কিন্তু পৃথিবীর অনেক দেশেই বিবাহকে পরিবার গঠনের পূর্বশর্ত হিসেবে মনে করা হয় না। বিবাহের বয়সও বিভিন্ন সমাজে বিভিন্ন রকমের। পরিবারের বন্ধন, আবেগ, সুখ ভোগের মাত্রাও বিভিন্ন রকমের। পরিবারই হচ্ছে মানুষের সর্বশেষ আশ্রয়স্থল। একটি প্রবাদ আছে "সব কিছুর শুরু হয় পরিবার থেকে"।

ক. বহুপত্নী পরিবারের সংজ্ঞা ও উদাহরণ দাও। ১

খ. পরিবারকে কেন উপার্জনের কেন্দ্রস্থল বলা হয়? ২

গ. আমাদের দেশের পরিবারগুলোর কাঠামো কীভাবে বদলে যাচ্ছে বলে তুমি মনে কর। ৩

ঘ. "সব কিছুর শুরু পরিবার থেকে"-ব্যাখ্যা কর। ৪

৪. ▶ নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

| গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | | |
|---|---|---|
| ১. আইন বিভাগ | ২. শাসন বিভাগ | ৩. বিচার বিভাগ |

ক. বাংলাদেশ সরকার প্রধানের পদবি কী? ১

খ. জরুরি অবস্থা বলতে কী বোঝায়? ২

গ. অনুচ্ছেদের ১নং বক্সে নির্দেশিত সংস্থার প্রধানের কার্যাবলি নির্ণয় কর। ৩

ঘ. অনুচ্ছেদের ৩নং বক্সে নির্দেশিত সংস্থা নানামুখী কার্যক্রমের মাধ্যমে দেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে- উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫. ▶ আনোয়ার সাহেব জাতীয় সংসদ নির্বাচনে একজন প্রার্থী। একটি রাজনৈতিক দলের প্রভাবশালী ব্যক্তিত্ব। তিনি সবসময় স্থানীয় এবং স্থানীয় প্রশাসনের ক্ষেত্রেও ক্ষমতা দেখানোর চেষ্টা করেন। গত নির্বাচনে তার সমর্থকরা প্রচারের সময় তার বিপরীত প্রার্থীর পোস্টার, ব্যানার ধ্বংস করেছে। আনোয়ার সাহেব নির্বাচন উপলক্ষে প্রচুর অর্থ, শাড়ী, লুঙ্গি এবং অন্যান্য জিনিস জনগণের জন্য ব্যয় করেছেন। যেহেতু তিনি স্থানীয় মাতবর তাই অন্য প্রার্থীরা তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারে নাই।

http://teachingbd.com

ক. নির্বাচন বলতে কী বোঝ? ১

খ. গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচন কেন গুরুত্বপূর্ণ ব্যাখ্যা কর। ২

গ. আনোয়ার সাহেব কীভাবে নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন করলেন? ৩

ঘ. 'সুশাসন যোগ্য প্রতিনিধির ওপর নির্ভর করে'- উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৬. ▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| 'ক' দেশ | 'খ' দেশ |
|---|---|
| কার্যক্রম : শিক্ষা, জ্ঞান ও বিজ্ঞানের সম্প্রসারণ<br>ফলাফল : উচ্চ মাথাপিছু আয় ও জীবনযাত্রার মান। | কার্যক্রম : পরিকল্পিত উন্নয়ন কর্মসূচি।<br>ফলাফল : দীর্ঘমেয়াদে মাথাপিছু আয় বৃদ্ধির প্রবণতা তৈরি করা। |

ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি বলতে কী বোঝ? ১

খ. মাথাপিছু আয়ের ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'ক' দেশ ও 'খ' দেশের মধ্যে পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ. প্রদত্ত ছক অনুযায়ী বাংলাদেশ কী ধরনের দেশ এবং কেন? ব্যাখ্যা কর। ৪

৭. ▶ জনাব রতন দত্ত X দেশের একজন ব্যবসায়ী। ব্যবসায়ের কাজে তিনি Y দেশে যান। সেখানে গিয়ে তিনি দেখেন কোনো ব্যক্তিরই নিজস্ব কোনো ক্ষমতা ও সুযোগ নেই ব্যক্তিগতভাবে কিছু প্রতিষ্ঠা করার। এই কারণে তিনি বিস্মিত হন এবং চিন্তা করেন যে, তার দেশে যদিও ব্যবসা বাণিজ্যের ওপর সরকারের কিছু নিয়ন্ত্রণ আছে, তথাপি প্রত্যেকেই সিদ্ধান্ত গ্রহণে স্বাধীন।

ক. উপযোগ কী? ১


খ. ধনতান্ত্রিক অর্থনীতিকে মুক্তবাজার অর্থনীতি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত কোন দেশের অর্থনীতির সাথে বাংলাদেশের অর্থনীতি সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. X দেশের অর্থনৈতিক ব্যবস্থার সাথে Y দেশের অর্থনৈতিক ব্যবস্থার পার্থক্য রয়েছে- বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৮. ▶ নিচের মানচিত্রটি পর্যবেক্ষণ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. বাংলাদেশের প্লাবন সমভূমির আয়তন কত? ১

খ. বাংলাদেশের বর্ষাকালীন জলবায়ুর বৈশিষ্ট্য লিখ। ২

গ. মানচিত্রে প্রদর্শিত A ও B চিহ্নিত স্থানের ভূমিরূপের তুলনামূলক বর্ণনা দাও। ৩

ঘ. মানচিত্রে C চিহ্নিত স্থানে প্রাপ্ত সম্পদের অর্থনৈতিক ও পরিবেশগত গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৯. ▶অনিক দশম শ্রেণির ছাত্র। সে ডিসেম্বর মাসে স্কুলে বার্ষিক পরীক্ষা দিচ্ছে। স্কুল থেকে তার বাড়ি ৩০ মিনিটের দূরত্ব। এই সময় বিকাল ৫টায় পরীক্ষা শেষ হলে বাড়িতে ফিরতেই তার সূর্যাস্ত যায়। অথচ জুলাই মাসে অর্ধবার্ষিক পরীক্ষা শেষে বাড়িতে ফিরে সে এক ঘন্টার মত খেলতে পারত।

ক. সৌরদিন কাকে বলে? ১

খ. ঋতু পরিবর্তনের কারণগুলো কী কী? ২

গ. ডিসেম্বরে অনিকের বাড়িতে ফেরার আগেই সূর্যাস্ত যাওয়ার কারণ, যে বিষয়ের সাথে জড়িত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উক্ত ঘটনার সাথে কি ঋতু পরিবর্তনের সম্পর্ক রয়েছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ১৫০

১. তানসেন একজন ব্যবসায়ী। তিনি সরকারকে প্রধানত কোন ধরনের রাজস্ব কর দেন?
ক বাণিজ্য শুল্ক খ আবগারি শুল্ক
গ আয়কর ঘ ভ্যাট

২. কোন ধরনের দ্রব্যের ওপর আবগারি শুল্ক ধার্য করা হয়?
ক উপকারি দ্রব্য খ বিলাস দ্রব্য
গ আরামদায়ক দ্রব্য ঘ ক্ষতিকর দ্রব্য

**অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব রফিক পাঁচ লক্ষ টাকা পেনশন/অবসর ভাতা হিসেবে পেয়েছেন। তিনি ন্যাশনাল ব্যাংকের উত্তরা শাখায় ৯% সুদে ৫ বছরের জন্য জমা রাখেন।

৩. ন্যাশনাল ব্যাংকের এ জমাকৃত টাকা কোন আমানতের অন্তর্ভুক্ত?
ক চলতি খ স্টক
গ সঞ্চয়ী ঘ স্থায়ী

৪. উক্ত ব্যাংকে জমাকৃত টাকা—
i. মুদ্রাস্ফীতি বাড়ায়
ii. বিনিয়োগ প্রসারিত করে
iii. ব্যাংকের ঋণদানের ক্ষমতা বাড়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. ব্যাংক কোন প্রক্রিয়ায় সুদ লেনদেন করে?
ক ঋণ গ্রহীতার প্রদেয় সুদ > সঞ্চয়কারীর প্রাপ্ত সুদ
খ ঋণ গ্রহীতার প্রদেয় সুদ < সঞ্চয়কারীর প্রাপ্ত সুদ
গ ঋণ গ্রহীতার প্রদেয় সুদ = সঞ্চয়কারীর প্রাপ্ত সুদ
ঘ ঋণ গ্রহীতার প্রদেয় সুদ ≠ সঞ্চয়কারীর প্রাপ্ত সুদ

৬. এসিড নিক্ষেপে কারো মৃত্যু হলে সর্বোচ্চ শাস্তি হলো—
i. মৃত্যুদণ্ড
ii. অতিরিক্ত এক লাখ টাকা অর্থদণ্ড
iii. অতিরিক্ত পাঁচ লক্ষ টাকা অর্থদণ্ড
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. মানব পাচার প্রতিরোধ আইন ২০১১ অনুসারে সর্বোচ্চ শাস্তি হলো—
i. মৃত্যুদণ্ড
ii. যবজ্জীবন ও অতিরিক্ত এক লাখ টাকা অর্থদণ্ড
iii. অতিরিক্ত পাঁচ লাখ টাকা অর্থদণ্ড
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. কোন সময়ে কিশোর শ্রমিককে দিয়ে কাজ করানো যাবে না?
ক সন্ধ্যা ৭টা থেকে সকাল ৭টা
খ সকাল ৭টা থেকে দুপুর ২টা
গ সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭টা
ঘ সকাল ৭টা থেকে বিকাল ৫টা

৯. নারী কর্মীদের জন্য মাতৃত্বকালীন ছুটি কতদিন?
ক ১২০ দিন খ ১৪০ দিন
গ ১৬০ দিন ঘ ১৮০ দিন

১০. কাশেম পৌরসভা অফিসে চারিত্রিক সনদ আনতে গেল। সেখানে দায়িত্বরত কর্মকর্তা তার কাছে কিছু টাকা দাবি করল। এটাকে কী বলা হয়?
ক সৌজন্যতা খ দুর্নীতি
গ ভাতা ঘ যাতায়াত ভাড়া

১১. শিশুর শিক্ষা কার্যক্রম শুরু হয় কার মাধ্যমে?
i. পিতার মাধ্যমে
ii. মাতার মাধ্যমে
iii. বন্ধুর মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. পরিবারের পরে কোনটির অবস্থান?
ক ধর্মীয় প্রতিষ্ঠান খ প্রতিবেশী
গ গণমাধ্যম ঘ বিদ্যালয়

১৩. কোনটি মানুষে মানুষে ভেদাভেদ কমিয়ে দেয়?
ক ধর্মীয় উৎসব খ সামাজিক প্রতিষ্ঠান
গ স্থানীয় সমাজ ঘ পরিবার

১৪. কেন্দ্রমণ্ডল পৃথিবীর মোট আয়তনের কত শতাংশ?
ক ১০% খ ১৫%
গ ১৬% ঘ ১৮%

১৫. কোন তারিখে দক্ষিণ গোলার্ধে রাত সবচেয়ে ছোট হয়?
ক ২৩ সেপ্টেম্বর খ ২২ ডিসেম্বর
গ ২১ মার্চ ঘ ২১ জুন

১৬. কোন দেশে প্রমাণ সময় বেশি?
i. কানাডা
ii. যুক্তরাষ্ট্র
iii. ভারত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. নীচের কোন দুটি গ্রহের মধ্যে দূরত্ব সবচেয়ে বেশি?
ক বুধ ও শুক্র খ শুক্র ও পৃথিবী
গ পৃথিবী ও মঙ্গল ঘ পৃথিবী ও চন্দ্র

১৮. বাংলাদেশের পাহাড়গুলো কোন ধরনের শিলা দ্বারা গঠিত?
i. বেলে পাথর
ii. চুনা পাথর
iii. শেল পাথর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

১৯. সামাজিক পরিবর্তন গভীরভাবে প্রভাবিত হয়—
i. পরিবেশ দ্বারা
ii. প্রতিবেশী দ্বারা
iii. পরিবার দ্বারা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. প্রতি বছর কক্সবাজারের উচ্চতা কত বৃদ্ধি পায়?
ⓚ ৫ মি.মি থেকে ৭ মি.মি.
ⓚ ৪ মি.মি থেকে ৬ মি.মি.
ⓖ ৪ মি.মি থেকে ৫ মি.মি.
ⓖ ৩ মি.মি থেকে ৪ মি.মি.

২১. কোন অর্থব্যবস্থায় কোনো প্রকার বেকারত্ব থাকে না?
ⓚ ধনতন্ত্র ⓚ মিশ্র
ⓖ সমাজতন্ত্র ⓖ ইসলামি

২২. বাংলাদেশের অর্থনীতিতে পশ্চাৎমুখিতার প্রধান কারণ কী?
ⓚ ঔপনিবেশিক শাসন ⓚ পাকিস্তানিদের শোষণ
ⓖ প্রযুক্তিগত জ্ঞানের অভাব
ⓖ অনুন্নত অবকাঠামো

২৩. স্বয়ংক্রীয় মূল্যব্যবস্থা বিদ্যমান আছে—
i. পুঁজীবাদী অর্থব্যবস্থায়
ii. মিশ্র অর্থব্যবস্থায়
iii. ইসলামি অর্থব্যবস্থায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. মূলধনের আয় কোনটি?
ⓚ খাজনা ⓚ মজুরি
ⓖ সুদ ⓖ মুনাফা

২৫. অর্থনৈতিক পরিকল্পনার মূল লক্ষ্য হলো—
i. জনশক্তির ব্যবহার
ii. সম্পদের যথাযথ ব্যবহার
iii. শিক্ষার হার বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৬. বাংলাদেশের অর্থনীতিতে মোট কতটি খাত রয়েছে?
ⓚ ১৪টি ⓚ ১৫টি
ⓖ ২৫টি ⓖ ১৭টি

২৭. জাতিসংঘের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও কার্যকরী অঙ্গ কোনটি?
ⓚ সাধারণ পরিষদ ⓚ নিরাপত্তা পরিষদ
ⓖ সচিবালয় ⓖ আন্তঃবিচারালয়

২৮. জাতিসংঘ হলো—
i. শান্তিরক্ষাকারী প্রতিষ্ঠান
ii. আন্তর্জাতিক বিবাদের মিমাংসাকারী প্রতিষ্ঠান
iii. ১৯২০ সালে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক সিডও সনদটি কবে গৃহীত হয়?
ⓚ ১৯৭৯ ⓚ ১৯৮১
ⓖ ১৯৮৩ ⓖ ১৯৯৭

৩০. ইউএনডিপি কর্তৃক কতটি প্রকল্প নির্ধারিত হয়েছে এমডিজির লক্ষ্য অর্জনের জন্য?
ⓚ ৬ ⓚ ৭
ⓖ ৮ ⓖ ৯

৩১. পদ্মার উৎপত্তিস্থল কোনটি?
ⓚ গাঙ্গোত্রী হিমবাহ ⓚ মানস সরোবর
ⓖ সুরমা কুশিয়ারা ⓖ লুসাই পর্বত

৩২. বাংলাদেশ সংবিধানের কত অনুচ্ছেদে মত প্রকাশের বিষয় উল্লেখ রয়েছে?
ⓚ ৩৬ ⓚ ৩৮
ⓖ ৩৯ ⓖ ৪১

৩৩. কে জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন?
ⓚ প্রধানমন্ত্রী ⓚ রাষ্ট্রপতি
ⓖ স্পিকার ⓖ স্বরাষ্ট্রমন্ত্রী

৩৪. কোন সংশোধনীর মাধ্যমে বাংলাদেশে মন্ত্রিপরিষদ শাসিত সরকার পদ্ধতি প্রবর্তিত হয়?
ⓚ চতুর্থ ⓚ দ্বাদশ
ⓖ ত্রয়োদশ ⓖ পঞ্চদশ

৩৫. সচিবালয়ের পদসোপন অনুযায়ী বিভাগীয় প্রধানের পদবি কোনটি?
ⓚ যুগ্ম সচিব ⓚ অতিরিক্ত সচিব
ⓖ ডেপুটি সেক্রেটারি ⓖ সহকারী সেক্রেটারি

৩৬. বাংলায় কখন ইউনিয়ন বোর্ড গঠিত হয়?
ⓚ ১৭১৯ ⓚ ১৮১৯
ⓖ ১৯১৯ ⓖ ১৮৮৫

৩৭. ইউনিয়ন পরিষদের তিনটি সংরক্ষিত নারী আসনে নির্বাচনের প্রকৃতি কী?
ⓚ প্রত্যক্ষ ⓚ পরোক্ষ
ⓖ উপনির্বাচন ⓖ গণভোট

৩৮. উপজেলা পরিষদে নির্বাচিত ভাইস চেয়ারম্যানের সংখ্যা কত জন?
ⓚ ১ ⓚ ২
ⓖ ৩ ⓖ ৫

৩৯. নিচের যে তথ্যগুলো সঠিক—
i. বিএনপি ৫ম সংসদ নির্বাচনে জয়লাভ করে
ii. আওয়ামী লীগ ৬ষ্ঠ সংসদ নির্বাচনে জয়লাভ করে
iii. ৮ম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০০১ সালে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪০. বাংলাদেশের সরকার প্রধানের পদবি কী?
ⓚ প্রধানমন্ত্রী ⓚ রাষ্ট্রপতি
ⓖ স্পিকার ⓖ স্বরাষ্ট্রমন্ত্রী

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ খ | ২ ঘ | ৩ ঘ | ৪ গ | ৫ ক | ৬ ক | ৭ খ | ৮ ক | ৯ ঘ | ১০ খ | ১১ ক | ১২ খ | ১৩ ক | ১৪ গ | ১৫ খ | ১৬ ক | ১৭ গ | ১৮ খ | ১৯ ক | ২০ খ |
| ২১ গ | ২২ ক | ২৩ ক | ২৪ গ | ২৫ খ | ২৬ খ | ২৭ খ | ২৮ ক | ২৯ ক | ৩০ গ | ৩১ ক | ৩২ গ | ৩৩ খ | ৩৪ খ | ৩৫ ক | ৩৬ গ | ৩৭ ক | ৩৮ খ | ৩৯ খ | ৪০ ক |

Teachingbd.com